



১৯ অক্টোবরের মধ্যে প্রতীক না জানালে ইসির সিদ্ধান্তে নিবন্ধন পাবে এনসিপি



সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) ১৯ অক্টোবরের মধ্যে পছন্দের প্রতীক না জানালে নির্বাচন কমিশন (ইসি) নিজস্ব বিবেচনায় সিদ্ধান্ত নেবে বলে জানিয়েছেন ইসি সিনিয়র সচিব আখতার আহমেদ। কমিশন মনে করে, শাপলা প্রতীক হিসেবে অন্তর্ভুক্ত করার প্রয়োজন নেই।

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) যদি আগামী ১৯ অক্টোবরের মধ্যে বিধিমালার তালিকা থেকে তাদের পছন্দের প্রতীক নির্বাচন না করে, তাহলে নির্বাচন কমিশন (ইসি) নিজস্ব সিদ্ধান্তে তাদের প্রতীক নির্ধারণ করবে।

মঙ্গলবার (১৪ অক্টোবর) নির্বাচন ভবনে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ইসি সিনিয়র সচিব আখতার আহমেদ এ তথ্য জানান। তিনি বলেন, “১৯ তারিখের মধ্যে এনসিপিকে বিকল্প প্রতীক জানাতে হবে। অন্যথায় কমিশন স্বীয় বিবেচনায় সিদ্ধান্ত নেবে।”

তিনি আরও বলেন, “গণভোটের বিষয়ে সরকার সিদ্ধান্ত নেবে, আর সেই সিদ্ধান্ত অনুযায়ী ইসি কাজ করবে।”

এর আগে ইসি বিধিমালায় অন্তর্ভুক্ত ৫০টি প্রতীকের তালিকা থেকে নিজেদের প্রতীক বাছাই করতে এনসিপিকে চিঠি পাঠায়। তবে দলটির পক্ষ থেকে জানানো হয়, তারা শাপলা প্রতীক ছাড়া অন্য কোনো প্রতীক গ্রহণ করবে না।

ইসি সূত্রে জানা গেছে, কমিশন মনে করছে—শাপলা প্রতীক হিসেবে অন্তর্ভুক্ত করার প্রয়োজন নেই, কারণ এটি ইতোমধ্যেই অন্য দলের প্রতীক হিসেবে নিবন্ধিত।